যুগান্তর

তারিখ ...15 AUG 2016...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

স্মৃতিবিজড়িত বাকৃবি

# কৃষিবিদদের প্রথম শ্রেণীর পদমর্যাদা দেন বঙ্গবন্ধু

**আশিকুল ইসলাম**, *বাকৃবি থেকে*

১৯৭৩ সালের বসন্তের প্রথম দিনে (১৩ ফেব্রুয়ারি) বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণের মাধ্যমে এ দেশে কৃষি শিক্ষা একই কৃষিবিদদের মর্যাদা ও সম্মান প্রতিষ্ঠিত হয়। ডাক্তার, ইঞ্জিনিয়ারদের মতো প্রথম শ্রেণীর পদমর্যাদার জন্য বাকৃবির শিক্ষার্থীরা স্বাধীনতার আগ থেকেই আন্দোলন করছিলেন। স্বাধীনতা উত্তর সে দাবি অব্যাহত থাকে। এ সম্পর্কে বাকৃবি ছাত্র সংসদের (বাকসু) তৎকালীন ভিপি নজিবুর রহমান (সাবেক রেজিস্ট্রার) জানান, ১৯৭৩ সালের ১২ ফেব্রুয়ারি রাতে বঙ্গবন্ধু ময়মনসিংহ সার্কিট হাউসে বাকৃবির নেতাদের ডাকেন ভিসি অধ্যাপক ড. কাজী ফজলুর রহিমের নেতৃত্বে বাকসুর ভিপি আমি বাকসুর সাধারণ সম্পাদক ড. আবদুর রাজ্জাকসহ (সাবেক খাদ্যমন্ত্রী) একটি প্রতিনিধি দল বঙ্গবন্ধুর সঙ্গে দেখা করি। দাবি দাওয়া সম্পর্কে আলোচনায় প্রধান দাবি হিসেবে কৃষিবিদদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদানে বঙ্গবন্ধু এক মতপ্রকাশ করেন এবং দেয়ার ওয়াদা করেন। এর পর দিন অর্থাৎ ১৩ ফেব্রুয়ারি ১৯৭৩ সালে বঙ্গবন্ধুর ঐতিহাসিক সেই ভাষণে তারই প্রতিফলন দেখা যায় 'আমার ভাইয়েরা যে অভিনন্দন দিয়েছেন, তাতে লেখা হয়েছে, অন্যান্য ইঞ্জিনিয়ার-ডাক্তারদের যে মর্যাদা, কৃষি গ্র্যাজুয়েটদেরও সে মর্যাদা দিতে হবে। কোনো মর্যাদা দিতে আপত্তি আমার নেই। তবে আমি যে পে অ্যান্ড সার্ভিস কমিশন করেছি, তাদের রিপোর্ট না আসা পর্যন্ত আমাকে কথা দেয়া চলবে না। তারপরও আমি কথা দেব।' কৃষিবিদদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদানের স্থানটি স্মরণীয় করে রাখতে তৎকালীন ভিসি অধ্যাপক ড. মো. রফিকুল হক 'বঙ্গবন্ধু স্মৃতি চত্বরের' ভিত্তি প্রস্তর স্থাপন করেন।